# মুমিনের গুনাবলী

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারকাতুল্লাহি ওয়া বারকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয় বস্তু হচ্ছে " **মুমিনের গুনাবলী**"

১. চলাফেরায় বিনয়ী।

২. অন্যদের সাথে অর্থহীন বিতর্কে লিপ্ত হয় না।

৩. রাত কাটায় প্রভুর ইবাদতে (সালাতে)।

৪. জাহান্নামের আগুন থেকে বাঁচার  দোয়া করে।

৫. অপব্যয় করে না।

৬. কার্পন্য করে না।

৭. অন্যায়ভাবে কাউকে হত্যা করে না।

৮. জ্বিনা করে না।

৯. তওবা করে অন্যায় কাজ পরিহার করে, ঈমান আনে, আমলে সালেহ করে।

১০. মিথ্যা সাক্ষ্য দেয় না।

১১. আত্মমর্যাদা রক্ষা করে চলে।

১২. অর্থহীন কর্মকান্ডে লিপ্ত হয় না।

১৩. আল্লাহর স্মরনে অন্ধ ও বধির হয় না।

وَعِبَادُ الرَّحْمَٰنِ الَّذِينَ يَمْشُونَ عَلَى الْأَرْضِ هَوْنًا وَإِذَا خَاطَبَهُمُ الْجَاهِلُونَ قَالُوا سَلَامًا **٢٥ الفُرقان ٦٣**

'রাহমান'-এর বান্দা তাহারাই, যাহারা পৃথিবীতে নম্রভাবে চলাফেরা করে এবং তাহাদেরকে যখন অজ্ঞ ব্যক্তিরা সম্বোধন করে, তখন তাহারা বলে, 'সালাম'; **আল-ফুরকান ২৫:৬৩**

وَالَّذِينَ يَبِيتُونَ لِرَبِّهِمْ سُجَّدًا وَقِيَامًا **٢٥ الفُرقان ٦٤**

এবং তাহারা রাত্রি অতিবাহিত করে তাহাদের প্রতিপালকের উদ্দেশ্যে সিজদাবনত হইয়া ও দন্ডায়মান থাকিয়া; **আল-ফুরকান ২৫:৬৪**

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ۖ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا **٢٥ الفُرقان ٦٥**

এবং তাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের হইতে জাহান্নামের শাস্তি বিদূরিত কর, উহার শাস্তি তো নিশ্চিত বিনাশ,'

**আল-ফুরকান ২৫:৬৫**

إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا **٢٥ الفُرقان** ٦٦

নিশ্চয়ই উহা অস্থায়ী ও স্থায়ী আবাস হিসাবে নিকৃষ্ট। **আল-ফুরকান ২৫:৬৬**

وَالَّذِينَ إِذَا أَنْفَقُوا لَمْ يُسْرِفُوا وَلَمْ يَقْتُرُوا وَكَانَ بَيْنَ ذَٰلِكَ قَوَامًا **٢٥ الفُرقان** ٦٧

এবং যখন তাহারা ব্যয় করে তখন অপব্যয় করে না, কার্পণ্যও করে না, বরং তাহারা আছে এতদুভয়ের মাঝে মধ্যম পন্থায়। **আল-ফুরকান ২৫:৬৭**

وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ ۚ وَمَنْ يَفْعَلْ ذَٰلِكَ يَلْقَ أَثَامًا **٢٥ الفُرقان** ٦٨

এবং তাহারা আল্লাহর সঙ্গে কোন ইলাহেক ডাকে না। আল্লাহ্ যাহার হত্যা নিষেধ করিয়াছেন, যথার্থ কারণ ব্যতিরেকে তাহাকে হত্যা করে না এবং ব্যভিচার করে না। যে এইগুলি করে সে শাস্তি ভোগ করিবে। **আল-ফুরকান ২৫:৬৮**

يُضَاعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدْ فِيهِ مُهَانًا **٢٥ الفُرقان** ٦٩

কিয়ামতের দিন উহার শাস্তি দ্বিগুণ করা হইবে এবং সেখানে সে স্থায়ী হইবে হীন অবস্থায়; **আল-ফুরকান ২৫:৬৯**

إِلَّا مَنْ تَابَ وَآمَنَ وَعَمِلَ عَمَلًا صَالِحًا فَأُولَٰئِكَ يُبَدِّلُ اللَّهُ سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا **٢٥ الفُرقان** ٧٠

তাহারা নয়, যাহারা তওবা করে, ঈমান আনে ও সৎকর্ম করে। আল্লাহ্ উহাদের পাপ পরিবর্তন করিয়া দিবেন পুণ্যের দ্বারা। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। **আল-ফুরকান ২৫:৭০**

وَمَنْ تَابَ وَعَمِلَ صَالِحًا فَإِنَّهُ يَتُوبُ إِلَى اللَّهِ مَتَابًا **٢٥ الفُرقان** ٧١

যে ব্যক্তি তওবা করে ও সৎকর্ম করে সে সম্পূর্ণরূপে আল্লাহর অভিমুখী হয়। **আল-ফুরকান ২৫:৭১**

وَالَّذِينَ لَا يَشْهَدُونَ الزُّورَ وَإِذَا مَرُّوا بِاللَّغْوِ مَرُّوا كِرَامًا **٢٥ الفُرقان** ٧٢

এবং যাহারা মিথ্যা সাক্ষ্য দেয় না এবং অসার ক্রিয়াকলাপের সম্মুখীন হইলে স্বীয় মর্যাদার সঙ্গে উহা পরিহার করিয়া চলে। **আল-ফুরকান ২৫:৭২**

وَالَّذِينَ إِذَا ذُكِّرُوا بِآيَاتِ رَبِّهِمْ لَمْ يَخِرُّوا عَلَيْهَا صُمًّا وَعُمْيَانًا **٢٥ الفُرقان** ٧٣

এবং যাহারা তাহাদের প্রতিপালকের আয়াত স্মরণ করাইয়া দিলে উহার প্রতি অন্ধ এবং বধিরসদৃশ আচরণ করে না, **আল-ফুরকান ২৫:৭৩**

وَالَّذِينَ يَقُولُونَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا **٢٥ الفُرقان ٧٤**

এবং যাহারা প্রার্থনা করে, 'হে আমাদের প্রতিপালক  আমাদের জন্য এমন স্ত্রী ও সন্তান-সন্ততি দান কর যাহারা হইবে আমাদের জন্য নয়নপ্রীতিকর এবং আমাদেরকে কর মুত্তাকীদের জন্য অনুসরণযোগ্য। **আল-ফুরকান ২৫:৭৪**

أُولَٰئِكَ يُجْزَوْنَ الْغُرْفَةَ بِمَا صَبَرُوا وَيُلَقَّوْنَ فِيهَا تَحِيَّةً وَسَلَامًا **٢٥ الفُرقان ٧٥**

তাহাদেরকে প্রতিদান দেওয়া হইবে জান্নাতের সুউচ্চ কক্ষ যেহেতু তাহারা ছিল ধৈর্যশীল, তাহাদেরকে সেখানে অভ্যর্থনা করা হইবে অভিবাদন ও সালাম সহকারে। **আল-ফুরকান ২৫:৭৫**

خَالِدِينَ فِيهَا ۚ حَسُنَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا **٢٥ الفُرقان ٧٦**

সেখানে তাহারা স্থায়ী হইবে। আশ্রয়স্থল ও বসতি হিসাবে উহা কত উৎকৃষ্ট। **আল-ফুরকান ২৫:৭৬**

১. সালাতে হয় বিনীত।
২. অর্থহীন কথাবার্তা থেকে বিরত থাকে।
৩. আত্মোন্নয়নে সক্রিয় (যাকাত প্রদানে)।
৪. যৌনাংগকে হেফাজত করে।
৫. আমানত রক্ষা করে।
৬. অংগীকার রক্ষা করে।
৭. সালাত হেফাজতকারী।

الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَاشِعُونَ **٢٣ المؤمِنون ٢**

যাহারা বিনয়-নম্র নিজেদের সালাতে, **আল মু'মিনূন ২৩:২**

وَالَّذِينَ هُمْ عَنِ اللَّغْوِ مُعْرِضُونَ **٢٣ المؤمِنون ٣**

যাহারা অসার ক্রিয়াকলাপ হইতে বিরত থাকে, **আল মু'মিনূন ২৩:৩**

وَالَّذِينَ هُمْ لِلزَّكَاةِ فَاعِلُونَ **٢٣ المؤمِنون ٤**

যাহারা যাকাতদানে সক্রিয়, **আল মু'মিনূন ২৩:৪**

وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ **٢٣ المؤمِنون ٥**

যাহারা নিজেদের যৌন অঙ্গকে সংযত রাখে, **আল মু'মিনূন ২৩:৫**

إِلَّا عَلَىٰ أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ **٢٣ المؤمِنون ٦**

নিজেদের পত্নী অথবা অধিকারভুক্ত দাসিগণ ব্যতীত, ইহাতে তাহারা নিন্দনীয় হইবে না, **আল মু'মিনূন ২৩:৬**

فَمَنِ ابْتَغَىٰ وَرَاءَ ذَٰلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْعَادُونَ **٢٣ المؤمنون** ٧

এবং কেহ ইহাদেরকে ছাড়া অন্যকে কামনা করিলে তাহারা হইবে সীমালংঘনকারী, **আল মু'মিনূন ২৩:৭**

وَالَّذِينَ هُمْ لِأَمَانَاتِهِمْ وَعَهْدِهِمْ رَاعُونَ **٢٣ المؤمنون** ٨

এবং যাহারা নিজেদের আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে, **আল মু'মিনূন ২৩:৮**

وَالَّذِينَ هُمْ عَلَىٰ صَلَوَاتِهِمْ يُحَافِظُونَ **٢٣ المؤمنون** ٩

এবং যাহারা নিজেদের সালাতসমূহে যত্নবান থাকে, **আল মু'মিনূন ২৩:৯**

أُولَٰئِكَ هُمُ الْوَارِثُونَ **٢٣ المؤمنون** ١٠

তাহারাই হইবে অধিকারী- **আল মু'মিনূন ২৩:১০**

১. বাধ্যগত।
২. মুমিন
৩. অনুগত।
৪. সত্যবাদী।
৫. ধৈর্যশীল।
৬. বিনয়ী।
৭. দানশীল।
৮. সওম পালনকারী।
৯. যৌনংগ হিফাজতকারী।
১০. বেশী বেশী আল্লাহর যিকিরকারী

إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَالْقَانِتِينَ وَالْقَانِتَاتِ وَالصَّادِقِينَ وَالصَّادِقَاتِ وَالصَّابِرِينَ وَالصَّابِرَاتِ وَالْخَاشِعِينَ وَالْخَاشِعَاتِ وَالْمُتَصَدِّقِينَ وَالْمُتَصَدِّقَاتِ وَالصَّائِمِينَ وَالصَّائِمَاتِ وَالْحَافِظِينَ فُرُوجَهُمْ وَالْحَافِظَاتِ وَالذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ أَعَدَّ اللَّهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا **٣٣ الأحزاب** ٣٥

অবশ্যই আত্মসমর্পণকারী পুরুষ ও আত্মসমর্পণকারী নারী, মু'মিন পুরুষ ও মু'মিন নারী, অনুগত পুরুষ ও অনুগত নারী, সত্যবাদী পুরুষ ও সত্যবাদী নারী, ধৈর্যশীল পুরুষ ও ধৈর্যশীল নারী, বিনীত পুরুষ ও বিনীত নারী, দানশীল পুরুষ ও দানশীল নারী, সাওম পালনকারী পুরুষ ও সাওম পালনকারী নারী, যৌন অংগ হিফাযতকারী পুরুষ ও যৌন অংগ হিফাযতকারী নারী, আল্লাহকে অধিক স্মরণকারী পুরুষ ও অধিক স্মরণকারী নারী-ইহাদের জন্য আল্লাহ রাখিয়াছেন ক্ষমা ও মহা-প্রতিদান। **আল আহযাব ৩৩:৩৫**

আল্লাহ তা'য়লা মুমিনের উপরে উল্লেখিত গুণাবলী সূরা আল ফুরকানের ৬৩ থেকে ৭৬ নম্বর আয়াতে, সূরা আল মুমিনুনের ২ থেকে ১০ নম্বর আয়াতে এবং সূরা আহযাবের ৩৫ নম্বর আয়াতে বর্ণনা করেছেন।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আসুন পবিত্র কোরআন মজীদের এই গুলো আমাদের জীবনে অর্জন করি এবং অন্যদেরকে ও অর্জন করার জন্য উৎসাহ প্রদান করি।

গুনাহ মাফ চাই আল্লাহর কাছে এবং সংকল্প ও চেষ্টা করি গুনগুলো অর্জনের। আশা করা যায়, আল্লাহ আমাদের ক্ষমা করবেন এবং দৃঢ় সংকল্প অর্জনের জন্যে সহায়তা দান করবেন এবং বর্তমানের COVID-19 এর দু:সময় ও মহামরী থেকে আমাদেরকে রক্ষা করবেন। আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।